

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.৩৯.০১৮.১৯.৮ - ১০

তারিখ: ১৮ মাঘ ১৪২৭

০১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলাধীন কাশিমপুর ডাকঘরের অন্তর্গত আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া আলিম মাদ্রাসাটি দাখিল স্তরের একাডেমিক স্বীকৃতি ও আলিম স্তরের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের আবেদন।

সূত্র: সংশ্লিষ্ট মাদ্রাসার স্মারক নং- ১০১/২০২১ তারিখ-০২.০১.২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনপত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন কাশিমপুর ডাকঘরের অন্তর্গত আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসাটি মার্চ ২০১৫ ইং সালে প্রতিষ্ঠিত হয় এবং ০১.০১.২০১৭ ইং তারিখ হতে দাখিল স্তরের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত হয় এবং প্রথমবারের মতো ২০২০ সালে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে শতভাগ কৃতকার্য হয়।

০২। পাঠদানের অনুমতির মেয়াদ ৩১.১২.২০১৯ ইং তারিখে উত্তীর্ণ হয়। গত ২৪.০৬.২০২০ ইং তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবরে দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতির জন্য অন-লাইনে আবেদন করেন। ২০২০-২০২১ শিক্ষাবর্ষ হতে আলিম শ্রেণি খোলার বিষয়ে নির্বাহী কমিটির সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এ অবস্থায়, দাখিল স্তরের একাডেমিক স্বীকৃতি ও আলিম স্তরের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, আবেদনপত্রের কপি প্রেরণপূর্বক এ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১-২-২০২১

এ.কে.এম. লুৎফর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৯৩৯৬

চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশীবাজার,
ঢাকা।


তারিখ: ১৮ মাঘ ১৪২৭

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.৩৯.০১৮.১৯.৮ - ১০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

০১ ফেব্রুয়ারি ২০২১

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১-২-২০২১

এ.কে.এম. লুৎফর রহমান
সিনিয়র সহকারী সচিব